**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 12-01-2026** **Time: 1.40 P.M.**

**<u>বিশেষ বিশেষ খবর –</u>**

১) স্বামী বিবেকানন্দের ১৬৩-তম জন্ম বার্ষিকী দেশজুড়ে জাতীয় যুব দিবস হিসেবে উদযাপিত হচ্ছে। # রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী সহ বহু বিশিষ্ট মন্ত্রী, স্বামীজীর প্রতি শ্রদ্ধা নিবেদন করে□ন।

২/ এরাজ্যে ভারতীয় রেলের অগ্রগতি, এক নতুন যুগের সূচনা করে□।

৩/ দেশের মা□র উৎপাদন গত ১০ ব□রে ১০০ শতাংশের'ও বেশী বৃদ্ধি পেয়ে□।

৪/ কলকাতা হাইকোর্টের পরবর্তী প্রধান বিচারপতি হচ্ছেন, বিচারপতি সুজয় পাল।

৫/ গঙ্গাসাগর মেলায় নজরদারি ও ভিড় নিয়ন্ত্রণে রাজ্য সরকার অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার কর□। # এব□র গঙ্গাসাগরে এক কোটি লোক সমাগম হতে পারে বলে অনুমান।

৫/ মেঘ কেটে গিয়ে জলীয় বাষ্পের পরিমাণ কমে যাওয়ায়, রাজ্যের সব জেলাতেই আজ তাপমাত্রা পারদ ফের নিম্নমুখী।

**********************************************************************

স্বামী বিবেকানন্দের জন্মদিন আজ। নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে ১৬৩ তম জন্মবার্ষিকী সাড়ম্বরে উদযাপিত হচ্ছে। স্বামীজীর জন্মদিনটি দেশজুড়ে জাতীয় যুব দিবস হিসেবে উদযাপিত হচ্ছে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ স্বামী বিবেকানন্দকে তাঁর জন্মবার্ষিকীতে শ্রদ্ধা জানিয়ে□ন। সামাজিক মাধ্যমে এক বার্তায় রাষ্ট্রপতি বলে□ন, স্বামীজী □লেন, এক কালজয়ী দুরদর্শী আধ্যাত্মিক ব্যক্তিত্ব। যিনি, অর্থপূর্ণ জীবনের অন্যতম উপাদান হিসেবে মানব সেবাকে তুলে ধরেন। স্বামীজী ভারতের শ্বাশত জ্ঞানকে সারা বিশ্বে প্রচার করেন। দেশবাসীর মধ্যে তিনি জাতীয় গর্বকে জাগ্রত করেন। যুব সমাজকে দেশ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনে তিনি সর্বদা-ই অনুপ্রাণিত করেন।

উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণান স্বামী বিবেকানন্দের জন্মবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়ে□ন। সমাজ মাধ্যমের এক পোস্টে তিনি বলে□ন, স্বামী বিবেকানন্দের জীবন এবং শিক্ষা প্রধানত জোর দেয়, সদর্থক জীবনের মূল স্তম্ভরূপে অন্তর্নিহিত শক্তি,আত্ম- শৃঙ্খলা এবং স্বার্থহীন সেবার ওপর। পরবর্তী প্রজন্মকে স্বামীজীর আদর্শ আলোর পথ দেখাবে বলে তিনি আশা প্রকাশ করেন।স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ স্বামী

বিবেকানন্দের জন্মবার্ষিকীতে তার প্রতি শ্রদ্ধা জানানোর পাশাপাশি জাতীয় যুব দিবসে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়ে□ন। এবং শ্রীশা বলেন যতক্ষণ পর্যন্ত না লক্ষ্যে পৌঁ□ানো যাচ্ছে ততক্ষণ পর্যন্ত না থামার বার্তা দিয়ে□লেন স্বামী বিবেকানন্দ। এই বাণী যুব সম্প্রদায়ের মধ্যে কর্তব্য এবং দেশপ্রেমের ভাবনা তৈরি করবে এবং উন্নত ভারত গঠনে তা সহায়ক হবে। রামকৃষ্ণ মিশন প্রতিষ্ঠার মাধ্যমে স্বামীজি সমাজসেবার আদর্শকেও প্রতিষ্ঠা করে□লেন বলে তিনি জানান।

**********************************************************************

স্বামী বিবেকানন্দের জন্মদিন উপলক্ষে যুব দিবসে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি স্বামী বিবেকানন্দের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। সকল তরুণ প্রজন্মকে শুভেচ্ছা জানিয়ে□ন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। স্বামী বিবেকানন্দের জন্মবার্ষিকী উপলক্ষে আজ রাজ্য স্তরে বিবেক চেতনা উৎসবের আয়োজন করা হয়ে□। পশ্চিমবঙ্গ সরকারের যুব কল্যাণ ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে বিবেকানন্দ যুবভারতী ক্রীড়াঙ্গনে বিবেক চেতনা উৎসব পালিত হবে।

**********************************************************************

বেলুড়মঠে আজ ৪২ তম জাতীয় যুব দিবস পালিত হচ্ছে| সকালে বেলুড়মঠ প্রশিক্ষণকেন্দ্রের ব্রহ্মচারীদের বৈদিক মন্ত্রোচ্চারণ ও সমবেত সঙ্গীতের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়| এরপর বিবেকানন্দ বেদ বিদ্যালয়, বেলুড়মঠের □াত্ররা বৈদিক মন্ত্রোচ্চারণ ও সালকিয়া মৃগেন্দ্র দত্ত স্মৃতি বালিকা বিদ্যাপীঠের □াত্রীরা উদ্বোধন সঙ্গীত পরিবেশন করে| বাংলায় প্রস্তাবনা পাঠ করেন রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরের স্বামী শান্তেশানন্দ। এরপর হিন্দীতে প্রস্তাবনা পাঠ করেন ব্রহ্মচারী প্রশিক্ষণকেন্দ্র, বেলুড় মঠের স্বামী বেদার্থানন্দ এবং সভাপতি স্বামী তত্ত্বসারানন্দ মহারাজ এই বিশেষ দিনটি উপলক্ষে বক্তব্য রাখেন|

অন্যদিকে, স্বামী বিবেকানন্দের ১৬৪ তম জন্মদিবস এবং ৪২ তম যুবদিবস সাড়ম্বরে পালিত হচ্ছে আসানসোল রামকৃষ্ণ মিশন আশ্রমে। দিনভোর নানান অনুষ্ঠানের আয়োজন করা হয়ে□। সকালে বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয় পুরানো রামকৃষ্ণ মিশন থেকে, শেষ হয় জুবিলি মোড়ে। বিভিন্ন স্কুলের □াত্র □াত্রী, এবং রামকৃষ্ণ মিশনের প্রাক্তনী এবং বিশিষ্ট জনেরা প্রায় পাঁচ কিলোমিটার ব্যাপী পদযাত্রায় পা মেলান।

স্বামী বিবেকানন্দের জীবন ও আদর্শ তুলে ধরেন। পাশাপাশি দেশ গঠন বা সমাজ গঠনে যুবকদের প্রতি স্বামী বিবেকানন্দের নির্দেশিত পথ অনুসরণ করার আহ্বান জানান।

**********************************************************************

বিবেক যাত্রা কর্মসূচির অঙ্গ হিসেবে বিজেপি যুব মোর্চা আজ সিমলা স্ট্রিটে স্বামী বিবেকানন্দের বসত বাড়ি থেকে শোভাযাত্রা করে। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার,যুব মোর্চার রাজ্য সভাপতি ইন্দ্রনীল খান প্রমূখ

এই শোভাযাত্রায় উপস্থিত িলেন। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী স্বামীজীর বসত বাড়িতে গিয়ে তার মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করেন। এরপর স্বামীজীর বাড়ির সামনে যুব গর্জন সভায় শ্রী মজুমদার বলেন, পশ্চিমবঙ্গের মাটি এক সময় স্বামী বিবেকানন্দ,রবীন্দ্রনাথ ঠাকুর,প্রফুল্ল চন্দ্র ঘোষের মত প্রতিভা ভারতকে দিয়েিল। সেই পশ্চিমবঙ্গের মাটিতে এখন ফাইল চোরেরা ঘুরে বেড়াচ্ছে। পশ্চিমবঙ্গের মাটি এখন গরু, কয়লা, ফাইল দুর্নীতিকারীদের মাটিতে পরিণত হয়ে। পশ্চিমবঙ্গকে আবারও বিবেকানন্দের মাটিতে ফিরিয়ে নিয়ে যেতে হবে এবং তার জন্য বিজেপি ও যুব মোর্চাকে কঠোর পরিশ্রম করতে হবে। বাংলাকে বিবেকানন্দের বাংলায় ফিরিয়ে নিয়ে যেতে যুব সমাজকে শপথ নিতে হবে বলে শ্রী মজুমদার স্পষ্ট জানিয়েন।

রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ও সকালে স্বামীজীর জন্মভিটা শিমলাস্ট্রীটে গিয়ে শ্রদ্ধা নিবেদন করেন।

স্বামী বিবেকানন্দের জন্মবার্ষিকী উপলক্ষে প্রদেশ কংগ্রেসের তরফ থেকে স্বামী বিবেকানন্দের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার।

**********************************************************************

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ বিপ্লবী মাস্টারদা সূর্য সেনের ৯৩ তম আত্মবলিদান দিবসে তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হচ্ছে। মাস্টারদা সূর্যসেন দেশকে ব্রিটিশ শাসনের কবল থেকে মুক্ত করতে বিভিন্ন সশস্ত্র আন্দোলনের নেতৃত্ব দেন। মাস্টারদার নেতৃত্বে তাঁর বিপ্লবী বাহিনী চট্টগ্রামে ব্রিটিশ শাসনের ভিত্তিতে গুরুতর আঘাত হানে। ১৯৩০ সালের ১৮ই এপ্রিল মাস্টারদার নেতৃত্বে চট্টগ্রামের ব্রিটিশ অস্ত্রাগার লুণ্ঠন করা হয়। ১৯৩৪ সালের ১২ জানুয়ারি মাস্টারদার ফাঁসি হয় ।

**********************************************************************

ভারতীয় রেলের অগ্রগতি এক নতুন যুগের সূচনা করে। এই অগ্রগতির অঙ্গ হিসাবে আগামী ১৭ই জানুয়ারী গোয়াহাটি-হাওড়া বন্দে ভারত স্লিপার সহ একগুচ্ছ নতুন ট্রেনের যাত্রার সূচনা করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এর মধ্যে রয়ে, নিউ জলপাইগুড়ি-নাগেরকয়েল, নিউ জলপাইগুড়ি-তিরুচিরাপল্লী, আলিপুরদুয়ার-SMBT ব্যাঙ্গালুরু, আলিপুরদুয়ার-মুম্বাই (পনবেল) অমৃত ভারত এক্সপ্রেস ট্রেন। এাড়াও রাধিকাপুর-SMBT ব্যাঙ্গালুরু মেল এক্সপ্রেস, বালুরঘাট-SMBT ব্যাঙ্গালুরু মেল এক্সপ্রেস ট্রেনেরও যাত্রার সূচনা করবেন প্রধানমন্ত্রী। এর ফলে পশ্চিমবঙ্গ, আসাম, বিহার, উড়িষা, অন্ধ্রপ্রদেশ, কর্ণাটক, তামিলনাড়ু, মহারাষ্ট্র, উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশের মধ্যে যাত্রী চলাচলের সুবিধা বাড়বে।

১৮ই জানুয়ারী হাওড়া-আনন্দবিহার টার্মিনাল, শিয়ালদা-বারানসী, সাঁতরাগাি-তাম্বারম্ অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের সূচনা করবেন সূচনা করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

'বন্দে ভারত' স্লিপার সহ এই ট্রেনগুলির যাত্রার সূচনা ফলে যাত্রীরা আরও কম সময়ে গন্তব্যে পৌঁাতে পারবেন। যাত্রীদের সুবিধার্থে উন্নতমানের ট্রেন পরিষেবার সূচনা করতে চলে ভারতীয় রেল।

গুয়াহাটি এবং হাওড়ার মধ্যে বন্দে ভারত স্লিপার এক্সপ্রেস ট্রেন দূরপাল্লার রাত্রিকালীন রেলযাত্রার ক্ষেত্রে একটি বড় মাইলফলক হতে চলে□।

নতুন প্রজন্মের এই ট্রেনটি ১৬টি কোচের রেক দিয়ে চলবে এবং মোট যাত্রী ধারণ ক্ষমতা ৮২৩ জন। এই ট্রেনটিতে ১১টি এসি থ্রি-টিয়ার কোচ, ৪টি এসি টু-টিয়ার কোচ এবং ১টি ফার্স্ট এসি কোচ থাকবে, যা বিভিন্ন শ্রেণির যাত্রীদের জন্য আরামদায়ক ভ্রমণের সুযোগ প্রদান করবে।

অসমের কামরূপ মেট্রোপলিটন ও বঙ্গাইগাঁও এবং পশ্চিমবঙ্গের কোচবিহার, জলপাইগুড়ি, মালদহ, মুর্শিদাবাদ, পূর্ব বর্ধমান, হুগলি ও হাওড়া সহ বিভিন্ন জেলার বাণিজ্য, পর্যটন এবং আর্থ-সামাজিক উন্নয়নেও সহায়তা হবে বলে মনে করা হচ্ছে।

*********************************************************************

ইঞ্জিনিয়ারিং, টিআরডি এবং সিগন্যাল ও টেলিকমিউনিকেশন বিভাগের কাজের জন্য আগামী এক সপ্তাহ ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করা হবে দক্ষিণ পূর্ব রেলের আদ্রা ডিভিশনে। সোমবার থেকে আগামী রবিবার পর্যন্ত নিয়ন্ত্রণ করা হবে বিভিন্ন ট্রেন। এর মধ্যে রয়ে□ ৬৮০৪৬/৬৮০৪৫ আদ্রা–আসানসোল–আদ্রা মেমু প্যাসেঞ্জার ১৩, ১৪ ও ১৬ জানুয়ারী বাতিল থাকবে। ৬৮০৫৩/৫৪ আদ্রা বরাভুম মেমু ১৫ ও ১৮ জানুয়ারী বাতিল থাকবে। ৬৮০৬১/৬৮০৬২ আদ্রা আসানসোল আদ্রা মেমু বাতিল থাকবে ১২ ও ১৫ জানুয়ারী। ১৮ তারিখ বাতিল থাকবে ৬৮০৭৭/৭৮ আদ্রা ভাগা আদ্রা মেমু। এ□াড়াও বেশ কি□ু ট্রেনের শর্ট টার্মিনেশনও করা হবে।

*********************************************************************

দেশের মা□র উৎপাদন ২০১৩-১৪, ৯৫ লক্ষ টন থেকে বেড়ে ২০২৪-২৫, ১৯৮ লক্ষ টন হয়ে□। ১০৬ শতাংশেরও বেশি এই বৃদ্ধি যথেষ্ট তাৎপর্যপূর্ণ। মৎস্য, পশুপালন, এবং দুগ্ধ বিষয়ক মন্ত্রক জানিয়ে□, দেশের অর্থনীতিতে এই ক্ষেত্র গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়ে□। ৩ কোটিরও বেশি মৎস্য চাষির রুজি-রোজগারের ব্যবস্হা কর□।

উল্লেখ্য, ভারত হল, বিশ্বের দ্বিতীয় বৃহত্তম মৎস্য উৎপাদক দেশ। বিশ্ব উৎপাদনের ৮ শতাংশ এদেশে হয়ে থাকে। প্রধানমন্ত্রী মৎস্য সম্পদা যোজনা এবং প্রধানমন্ত্রী মৎস্য কিষাণ সমৃদ্ধি সহ যোজনার মতো বিভিন্ন উন্নয়নী প্রকল্পের সুবাদে মৎস্য ক্ষেত্রে ঐতিহাসিক পরিবর্তন ঘটে□। ২০১৪-১৫ সাল থেকে মৎস্য ক্ষেত্রে ৩২ হাজার ৭২৩ কোটি টাকা অনুমোদন করা হয়ে□। এসবের ফলেই ২০২৪-২৫ অর্থ ব□রে ভারতের সমুদ্রজাত খাদ্যের রফতানির পরিমাণ ৬২ হাজার ৪০৮ কোটি টাকার সর্বকালীন রেকর্ড স্পর্শ করে□।

*********************************************************************

কলকাতা হাইকোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পালকে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি পদের দায়িত্ব দেওয়ার সুপারিশ করে□ সুপ্রিমকোর্ট কলেজিয়াম।

গত ৯ জানুয়ারি এই সুপারিশ করা হয়ে□। গত ব□র ২৬ সেপ্টেম্বর বিচারপতি সুজয় পালকে কলকাতা হাইকোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি করা হয়ে□ল।

**********************************************************************

গঙ্গাসাগর মেলায় নজরদারি ও ভিড় নিয়ন্ত্রণে অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহার কর□ রাজ্য সরকার। প্রশাসনিক সূত্রের অনুমান, এব□র গঙ্গাসাগর মেলায় এক কোটিরও বেশি পুণ্যার্থীর সমাগম হতে পারে। এই বিপুল ভিড় সুষ্ঠুভাবে সামাল দিতে ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরোর তৈরি ‘নেভি সি’ প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে। সাতটি স্যাটেলাইট ও একাধিক নিয়ন্ত্রণ কেন্দ্রের মাধ্যমে রিয়েল টাইম তথ্য সংগ্রহ করে কোথায় কতটা ভিড়, যান চলাচলের অবস্থা এবং নিরাপত্তা পরিস্থিতি সম্পর্কে মুহূর্তে মুহূর্তে তথ্য পাচ্ছে প্রশাসন। সেই তথ্যের ভিত্তিতেই নেওয়া হচ্ছে দ্রুত সিদ্ধান্ত।

এদিকে,গঙ্গাসাগর মেলায় জরুরি চিকিৎসা পরিষেবার অংশ হিসেবে প্রথম এয়ার-লিফট করা হল আজ সকালে। গুরুতর অসুস্থ অবস্থায় ৬৪ ব□র বয়সি সন্তলাল নামে এক পুণ্যার্থীকে এয়ার অ্যাম্বুল্যান্সের মাধ্যমে কলকাতায় পাঠানো হয়। তিনি উত্তরপ্রদেশের লখনউ জেলার বাসিন্দা।প্রশাসন সূত্রে জানা গিয়ে□, সন্তলাল উচ্চ রক্তচাপজনিত ‘ হাইপারটেনসিভ এপিস্ট্যাক্সিস’ এ আক্রান্ত হন। গতকাল তাঁকে প্রথমে চিকিৎসার জন্য ভর্তি করা হয়। অবস্থার অবনতি হওয়ায় উন্নত চিকিৎসার প্রয়োজন দেখা দিলে দ্রুত এয়ার-লিফট করে তাঁকে কলকাতার এম আর বাঙ্গুর হাসপাতালে রেফার করা হয়।

এদিকে, এবারের মেলা-কে আরও নিরাপদ ও সুশৃঙ্খল করতে একাধিক ডিজিটাল প্ল্যাটফর্ম চালু করা হয়ে□। ভিড় নিয়ন্ত্রণ ও নিরাপত্তার জন্য ব্যবহার হচ্ছে পিটিএমএস, সিসিটিভি সার্ভেইল্যান্স ‘নিরীক্ষণ’, ডিজিটাল তথ্য পরিষেবা ‘দর্শন’, ‘সাগর সঞ্চার’, ‘পরিচয়’ ও ‘বন্ধন’। হারিয়ে যাওয়া ব্যক্তিদের খোঁজে সহায়তা করবে ‘অনুসন্ধান’ অ্যাপ। এ□াড়াও যাত্রীদের সহায়তার জন্য চালু রয়ে□ বিশেষ হেল্পলাইন নম্বর ১৮০০-৫৩২-৫৩২৮। প্রশাসনের আশা, আধুনিক প্রযুক্তির ব্যবহারে এবারের গঙ্গাসাগর মেলা হবে আরও নিরাপদ ও স্বাচ্ছন্দ্যময়।

**********************************************************************

মেঘ কেটে যাওয়ায় এবং জলীয়বাষ্পের পরিমাণ কমায় আজ সকাল থেকেই রাজ্যের সব জেলাতেই আবার শীত অনুভূত হচ্ছে। দক্ষিণবঙ্গে আজ সব থেকে কম সর্বনিম্ন তাপমাত্রার রেকর্ড করা হয়ে□ কল্যাণীতে ৭.৫ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে তিন দশমিক দুই ডিগ্রি কম। উপকূলের জেলাগুলোতেও আজ তাপমাত্রা বেশ কি□ুটা কমে□। উত্তরবঙ্গের সমতলে কোচবিহার জেলায় আজ সব থেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়ে□ নয় দশমিক এক ডিগ্রি সেলসিয়াস, এ□াড়া দার্জিলিং পাহাড়ি এলাকায় আজ তাপমাত্রা □িল ১ দশমিক □য় ডিগ্রি সেলসিয়াস। সকালের দিকে মালদা এবং দক্ষিণ ২৪ পরগনা জেলায় হালকা কুয়াশা দেখা যায়।

আগামী সাত দিন রাজ্যের সব জেলাতেই শীত বজায় থাকবে এবং তাপমাত্রার বিশেষ হেরফের হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

**********************************************************************

পিডিএস দলের প্রতিষ্ঠাতা তথা প্রাক্তন সিপিআইএম নেতা সমীর পুততুন্ড প্রয়াত। গতকাল রাতে ১১টা নাগাদ কলকাতার বাইপাস সংলগ্ন একটি বেসরকারি হাসপাতালে তাঁর মৃত্যু হয়। বয়স হয়েছিল ৭৪ বছর। বেশ কিছু দিন ধরেই তিনি নানা শারীরিক অসুস্থতায় ভুগছিলেন বলে পরিবার ও হাসপাতাল সূত্রে জানা গেছে।

রাজনৈতিক জীবনে সমীর পুততুন্ড দীর্ঘদিন সিপিআইএমের সঙ্গে যুক্ত ছিলেন। একসময় তিনি সিপিআইএমের দক্ষিণ ২৪ পরগনা জেলা কমিটির সম্পাদক হিসেবে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন।

পরে তিনি পিডিএস দল গঠন করেন। সিঙ্গুরের জমি আন্দোলনের সময় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পাশে সক্রিয় ভূমিকা পালন করেছিলেন তিনি, যা রাজ্য রাজনীতিতে বিশেষ তাৎপর্যপূর্ণ বলে মনে করা হয়।

সমীর পুততুন্ডের প্রয়াণে মুখ্যমন্ত্রী সহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতা ও কর্মীরা গভীর শোক প্রকাশ করেছেন।

**********************************************************************